



পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) কর্তৃক বাস্তবায়িত PKSF এর অর্থায়নে Pathways to Prosperity for Extremely Poor People (PPEPP) প্রকল্পের আওতায় কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলায় প্রত্যন্ত গ্রামে/ইউনিয়নে কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নলিখিত পদসমূহের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এটি একটি পাইলট প্রকল্প হিসাবে ৭ মাসের জন্য শুরু হবে, তবে পরবর্তীতে আরো ৫ বছরের জন্য মেয়াদ বৃদ্ধির সম্ভাবনা রয়েছে।

পদের নাম : টেকনিক্যাল অফিসার-কমিউনিটি মবিলাইজেশন।

শিক্ষাগত যোগ্যতা : যে কোন বিষয়ে স্নাতকোত্তর। সমাজ বিজ্ঞান, আইন, এনথ্রোপলজি, সমাজ কল্যাণে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

বেতন : ৩৮,০০০/- টাকা। এছাড়াও প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

কর্মস্থল : কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলা।

অভিজ্ঞতা : কমিউনিটি মবিলাইজেশন, নেটওয়ার্কিং এডভোকেসি, রাইট বেইজড এ্যাপ্রোচ, প্রশিক্ষণ বিষয়ে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। যে কোন জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সংস্থায় কমিউনিটি মোবিলাইজেশন পদে কাজের অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩৫ বছর। যোগ্যতর প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

দায়িত্ব ও কর্তব্যঃ

- স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং উপজেলা প্রশাসন, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অফিস, উপজেলা কৃষি, মৎস, প্রানি সম্পদ অফিস ও স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে প্রকল্পভুক্ত সদস্যদের সরকারি সেবা প্রাপ্তিতে সহায়তাকরণে নিয়মিত যোগাযোগ রক্ষা করা।
- কমিউনিটি পর্যায়ে বিদ্যমান সামাজিক সমস্যাসমূহ বিশেষত বাল্যবিবাহ, ইভটিজিং, নারী নির্যাতন, মাদক, যৌতুক বিষয়ে নো কস্ট, লো কস্ট কৌশল অবলম্বনে জনসচেতনতা সৃষ্টিকরণে কৌশলপত্র ও নির্দেশিকা প্রণয়ন করা।
- কমিউনিটি পর্যায়ে জনহিতকর (পরিবেশ, স্বাস্থ্য, শিক্ষা, পুষ্টি, নারী ও প্রতিবন্ধী ব্যক্তির অধিকার) বিশেষত প্রকল্পভুক্ত সদস্যদের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে কিশোর, কিশোরী, যুবক, যুবতীদের সংগঠিতকরণ ও বাস্তবায়নে কমিউনিটি এডভোকেসি কৌশল নির্ধারণ ও উপকরণ তৈরীতে সহায়তা প্রদান।
- প্রকল্পের আওতায় আন্তঃসম্পর্কযুক্ত (ক্রস কার্টিং) বিষয় যথা কমিউনিটির মূলশ্রোতধারায় প্রতিবন্ধী অন্তর্ভুক্তিকরণ, দুর্যোগ ও জলবায়ু এবং নারীর ক্ষমতায়নে সচেতনতা সৃষ্টি, কমিউনিটি রিসোর্স মোবিলাইজেশনে উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নে সহযোগিতা করা।
- কমিউনিটি মোবিলাইজেশন কার্যক্রম সংক্রান্ত আর্থিক, কারিগরি ও মাসিক অগ্রগতির প্রতিবেদন তৈরি করা।
- প্রকল্পভুক্ত মাঠকর্মী/ভলান্টিয়ারদের প্রশিক্ষণ চাহিদা নিরূপণ, প্রশিক্ষণ সিডিউল তৈরি করা, প্রশিক্ষণ তত্ত্বাবধান এবং প্রশিক্ষণ লব্ধ জ্ঞান ব্যবহার করছে কিনা তা যাচাই করা।

অন্যান্য শর্তাবলীঃ

- কমিউনিটি পর্যায়ে দলীয় সভা কর্মশালা, প্রশিক্ষণ ও এডভোকেসি পরিচালনার দক্ষতা থাকতে হবে।
- অতিদুর্গম, হাওর ও চরাঞ্চলে এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- দলে কাজ করার মানসিকতা ও অভিজ্ঞতা থাকতে হবে।
- কম্পিউটারের পারদর্শী হতে হবে।
- মোটরসাইকেল চালানোয় পারদর্শী হতে হবে।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রজিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ২৭/০৮/২০১৯ইং তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

web: www.popibd.org

“নারী-শিশু নির্যাতন ও বৃক্কিপূর্ণ শিশুশ্রম দমনীয় অপরাধ”

